রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, জানুয়ারি ২২, ২০১৯**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(কাস্টমস ও মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ মাঘ ১৪২৫ বঙ্গাব্দ/১৭ জানুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

**এস.আর.ও. নং ১৯-আইন/২০১৯/০১/কাস্টমস**।—Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, এই বিভাগের ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ মোতাবেক ১ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও. নং ১৩০-আইন/২০১৭/১৬/কাস্টমস এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের "শর্তসমূহ" শিরোনামাধীন শর্ত ২ এর পরিবর্তে নিম্নরূপ শর্ত ২ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"২। আমদানিকারককে অবশ্যই প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত অথবা তালিকাভুক্ত অথবা ক্যাটাগরি-১ বা ক্যাটাগরি-২ হিসাবে লাইসেন্সধারী অথবা পোল্ট্রি খামার অথবা গবাদি পশুর খামার অথবা মৎস্য অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত অথবা তালিকাভুক্ত অথবা ক্যাটাগরি-১ বা ক্যাটাগরি-২ হিসাবে লাইসেন্সধারী অথবা মৎস্য বা চিংড়ি খামার অথবা মৎস্য বা চিংড়ি হ্যাচারি অথবা Fishing trawler অথবা মৎস্য



**মূল্য :** টাকা ৪.০০

প্রক্রিয়াজাতকরণ কারখানা; অথবা Animal Health Company Association of Bangladesh (AHCAB) এর সদস্যভুক্ত Animal Health Company অথবা Bangladesh Aqua Product Companies Association (BAPCA) এর সদস্যভুক্ত Aqual Product Company অথবা ফিড ইন্ডাস্ট্রিজ এসোসিয়েশন, বাংলাদেশ (ফিআব) অথবা বাংলাদেশ এগ্রো ফিড এনগ্রেডিয়েন্টস ইম্পোটার্স এন্ড ট্রেডার্স এসোসিয়েশন (বাফিটা) এর সদস্যভুক্ত প্রতিষ্ঠান হইতে হইবে।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া**
সিনিয়র সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd